

সাভারে শিক্ষকের ওপর হামলা ॥ বিচার চেয়ে ক্লাস বর্জন, স্মারকলিপি পেশ

নিজস্ব বার্তা পরিবেশক : সাভার থানা শিক্ষক সমিতিসহ এলাকাবাসী ডাক্তারী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হেলাল উদ্দিনের ওপর হামলাকারীদের বিচার চেয়ে গত রোববার ঢাকার জেলা প্রশাসকের কাছে এক স্মারকলিপি প্রদান করেছে।

একজন সম্মানিত শিক্ষককে ৭ই ফেব্রুয়ারি লাঞ্চিত করার ঘটনায় এখন পুরো উপজেলা জুড়ে হাতশিক্ষক-অভিভাবক মহলে কোড বিরাজ করছে। সন্ত্রাসীদের বিচারের দাবিতে ৭ই ফেব্রুয়ারি হাজরা ক্লাস বর্জন করে চলেছে।

জানা গেছে, ডাক্তারীর সন্ত্রাসী সিরাজ-শহীদ বাহিনী দলবল নিয়ে গত ৭ই ফেব্রুয়ারি বিকালে সাভার উপজেলায় ডাক্তারী ইউনিয়ন উচ্চ বিদ্যালয়ের সহকারী শিক্ষক হেলালউদ্দিনের ওপর হামলা চালায় এবং লাঞ্চিত করে। শিক্ষক হেলালউদ্দিন দৌড়ে প্রাণ রক্ষা করলেও এ সংবাদ এলাকায় দ্রুত ছড়িয়ে পড়ে। হাত, শিক্ষক, অভিভাবকরা পরদিন কুখ্যাত সন্ত্রাসী সিরাজ-শহীদ বাহিনীর বিরুদ্ধে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে। একটি মহদ এ ঘটনার স্থানীয়ভাবে বিচার করার কথা বলে। কোন বিচার না হওয়ায় বিক্ষুব্ধ হাত-শিক্ষকরা অনির্দিষ্টকালের জন্য ক্লাস বর্জন করে। বিষয়টি সুরাহা করার জন্য সঙ্গে সঙ্গে স্থানীয় সসেদ সদস্য ও উপজেলা নির্বাহী কর্মকর্তাকে জানানো হলেও কোন কার্যকরী ব্যবস্থা গ্রহণ করা হয়নি। শেষপর্যন্ত হাত-শিক্ষক-অভিভাবকবৃন্দ সম্মিলিতভাবে ২০শে ফেব্রুয়ারি বিচারের

দাবিতে ঢাকা জেলা প্রশাসকের কাছে স্মারকলিপি প্রদান করে।

অর্চিতেই এ ন্যাকারজনক হামলার বিচার না হলে সাভার থানা শিক্ষক সমিতি ও

হাত-অভিভাবক পুরো উপজেলায় ব্যাপক কর্মসূচি ঘোষণা করবে বলে জানিয়েছে। চাঁদাবাজি, হত্যাসহ বেশ কয়েকটি মামলাও রয়েছে এ সিরাজ বাহিনীর বিরুদ্ধে।



সাভারের ডাক্তারী কুশিক্ষকের ওপর হামলাকারীদের বিচার চেয়ে হাজরা ক্লাসের বিক্ষোভ মিছিল